


ভর্তি

জগন্নাথে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন ১ ডিসেম্বর থেকে

নিজস্ব প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

আপডেট: ২২ নভেম্বর ২০২৪, ১১: ৩৬



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। চলতি শিক্ষাবর্ষে ৪০ হাজার শিক্ষার্থীকে পরীক্ষায় অংশ নিতে সুযোগ দেওয়া হবে। ১ ডিসেম্বর থেকে প্রাথমিক আবেদন করা যাবে।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ৩১ জানুয়ারি ই-ইউনিট (চারুকলা অনুষদ), ১৪ ফেব্রুয়ারি ডি-ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ), ১৫ ফেব্রুয়ারি বি-ইউনিট (কলা ও আইন অনুষদ), ২২ ফেব্রুয়ারি এ-ইউনিট (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) ও ২৮ ফেব্রুয়ারি সি-ইউনিটের (বিজনেস স্টাডিজ অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২১ ও ২০২২ সালে এসএসসি/সমমান এবং ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদনের সুযোগ পাবেন। এই শিক্ষার্থীদের মধ্যে যাদের ফলাফল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করবে, কেবল তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, আগামী ১ ডিসেম্বর দুপুর ১২টা থেকে ১৫ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটের (<https://admission.jnu.ac.bd>) মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি হিসাবে ১০০ টাকা দিতে হবে। আবেদনকারীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে প্রাথমিকভাবে বাছাইকৃত ৪০ হাজার আবেদনকারীকে পরীক্ষায় অংশ নিতে দেওয়া হবে। যেসব আবেদনকারী প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত হবেন, তাঁদের ৭০০ টাকা দিয়ে পরীক্ষায় অংশ গ্রহণের প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

